

লাল স্ট্রবেরি
(কাল মার্ক'স স্মরণে)

রক্ত তো কতোই ঝরেছে—
ত্রুসেডের বর্শায়,
জলদস্যুর তলোয়ারে,
নারী আর পুষের কেনাবেচার হাটে
হাঘরে শিশুরা ঘুরেছে
টিনের বাটি হাতে।

খেও উঠেছে মানুষ—
পিরামিডের পাথর টানা দাস,
রোমক সাম্রাজ্যের চাবুক-ভাঙা স্পার্টাকাস,
তিন হাজার বিদ্রোহী
বুকে তীর বিঁধে লুটিয়ে পড়েছে পথে;
প্যারিসের ক্ষণস্থায়ী বিপ্লব,
যেন মেঘছেঁড়া আলো,
অন্ধকার নেমেছে দিগ্বিজয়ের কালো নিশান উড়িয়ে।

আর তখন
তখনি বেজে উঠল তোমার কণ্ঠ,
যেন চিনারের দীর্ঘ চূড়ায়
ট্রাম্পেটের ঈগল;
জাগো, সর্বহারা জাগো,
শতাব্দির বাগান জোড়া ঐ
লাল স্ট্রবেরি,
সারা পৃথিবী তোমার।

মনীন্দ্র রায়

